

# সিদ্ধান্ত

## Decision


- ✍ Ursula Nafula
- 👤 Vusi Malindi
- 💬 Asma Afreen
- 🗣 Bengali / English
- 📊 Level 2



আমার গ্রামে অনেক সমস্যা ছিল। আমরা  
একটি নলকূপ থেকে পানি নিতে লম্বা  
লাইনে দাঁড়াতাম।

...

My village had many problems. We  
made a long line to fetch water  
from one tap.



আমরা অন্যদের দান করা খাদ্যের জন্য  
অপেক্ষা করতাম।

...

We waited for food donated by  
others.






চোরের ভয়ে আমরা আগেভাগেই বাড়িতে  
তালা লাগিয়ে দিতাম।

...

We locked our houses early  
because of thieves.



অনেক বাচ্চারা স্কুল ছেড়ে দিয়েছিল।

...

Many children dropped out of school.




কিশোরী মেয়েরা অন্যান্য গ্রামে ঝি়ের  
কাজ করত।

...

Young girls worked as maids in  
other villages.






কিশোর ছেলেরা গ্রামে ঘুরে বেড়াত, যেখানে  
অন্যরা মানুষের ক্ষেতখামারে কাজ করত।

...

Young boys roamed around the  
village while others worked on  
people's farms.




যখন বাতাস বইত, ময়লা কাগজ গাছ ও  
বেড়াতে ঝুলে থাকত।

...

When the wind blew, waste paper  
hung on trees and fences.





অসাবধানে ফেলা ভাঙা কাঁচের টুকরোতে  
মানুষের হাতপা কেটে যেত।

...

People were cut by broken glass  
that was thrown carelessly.



তারপর একদিন, নলকূপ শুকিয়ে গেল  
এবং আমাদের পাত্রগুলো খালি হয়ে গেল।

...

Then one day, the tap dried up and  
our containers were empty.



আমার বাবা ঘরে ঘরে হেঁটে গিয়ে লোকদের  
গ্রামের সভায় যোগ দিতে বললেন।

...

My father walked from house to  
house asking people to attend a  
village meeting.






লোকেৰা একটি বড় গাছৰ নিচে জড়ো হল  
এবং শুনল।

...

People gathered under a big tree  
and listened.



আমার বাবা উঠে দাঁড়ালেন এবং বললেন,  
“আমাদের সমস্যাগুলো সমাধান করতে  
একসাথে মিলে কাজ করতে হবে।”

...

My father stood up and said, “We  
need to work together to solve our  
problems.”



আট বছর বয়সী জুমা, একটি গাছের উপর বসে চিৎকার করে বলল, “আমি পরিষ্কার করতে সাহায্য করতে পারি।”

...

Eight-year-old Juma, sitting on a tree trunk shouted, “I can help with cleaning up.”






একজন মহিলা বললেন, “ফসল ফলাতে  
মহিলারা আমার সাথে যোগ দিতে পারে।”

...

One woman said, “The women can  
join me to grow food.”



আরেকজন লোক দাঁড়িয়ে বলল, “পুরুষেরা  
একটি কূপ খনন করবে।”

...

Another man stood up and said,  
“The men will dig a well.”



আমরা সবাই সমস্বরে চিৎকার করে  
বললাম, “আমাদের জীবন বদলাতে হবে।”  
সেই দিন থেকে আমরা আমাদের সমস্যার  
সমাধান করার জন্য একসাথে কাজ  
করেছি।

...

We all shouted with one voice, “We  
must change our lives.” From that  
day we worked together to solve  
our problems.





# Storybooks Canada

[storybookscanada.ca](http://storybookscanada.ca)

सिद्धाञ्च

## Decision

Written by: Ursula Nafula

Illustrated by: Vusi Malindi

Translated by: (bn) Asma Afreen

This story originates from the African Storybook ([africanstorybook.org](http://africanstorybook.org)) and is brought to you by [Storybooks Canada](http://Storybooks Canada) in an effort to provide children's stories in Canada's many languages.



This work is licensed under a Creative Commons  
[Attribution 4.0 International License](https://creativecommons.org/licenses/by/4.0/).